



ছয় দফা দাবিতে ৫ সেপ্টেম্বর ঢাকা-চট্টগ্রাম লংমার্চের ঘোষণা ১১ দলের



ছবি: সংগৃহীত

ছয় দফা দাবি আদায়ের লক্ষ্যে আগামী ৫ সেপ্টেম্বর ঢাকা থেকে চট্টগ্রাম অভিমুখে লংমার্চের কর্মসূচি ঘোষণা করেছে ১১ দলীয় ঐক্য। গণভোটের রায় বাস্তবায়ন, জুলাই গণহত্যার বিচার এবং গ্যাস-বিদ্যুৎ সংকট নিরসনসহ বিভিন্ন দাবি সামনে রেখে এ কর্মসূচি পালন করবে জোটটি।

মঙ্গলবার (২৫ আগস্ট) দুপুরে জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে কর্মসূচির বিস্তারিত তুলে ধরেন দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার।

তিনি জানান, ৫ সেপ্টেম্বর সকাল ৭টায় ঢাকার শাপলা চত্বরে জোটের নেতাকর্মীরা জড়ো হবেন। সেখান থেকে চট্টগ্রামের উদ্দেশে লংমার্চ শুরু হবে। পথে বিভিন্ন স্থানে সভা ও অন্যান্য কর্মসূচি পালন করা হবে বলেও জানান তিনি।

মিয়া গোলাম পরওয়ার বলেন, লংমার্চকে কেন্দ্র করে ছয়টি প্রধান দাবিকে সামনে রাখা হয়েছে। এর মধ্যে গণভোটে দেওয়া জনগণের রায় বাস্তবায়নকে প্রথম ও প্রধান দাবি হিসেবে উল্লেখ করেন তিনি।

জোটের প্রত্যাশা, কর্মসূচিতে সাধারণ মানুষ স্বতঃস্ফূর্তভাবে অংশ নেবে। লংমার্চের কারণে মহাসড়কে সাময়িক যানজট বা জনহুর্ভোগ তৈরি হতে পারে উল্লেখ করে আগাম দুঃখ প্রকাশ করেন জামায়াতের এই নেতা।

কর্মসূচি ঘিরে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দিয়েছে বলেও জানান তিনি। একই সঙ্গে লংমার্চটি শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে ক্ষমতাসীন দল বিএনপির সহযোগিতা কামনা করেন মিয়া গোলাম পরওয়ার।